# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নশ্বর এই দুনিয়ার কোন কিছুর জন্য মসজিদে আওয়াজ উঁচু করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ رَفْعِ الْأَصْوَاتِ فِي الْمَسَاجِدِ لِأَجْلِ شَيْءٍ مِنْ أَسْبَابِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ

আরবী

1650 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدٍ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ: عَنْ أَبِيهِ قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَجُلٌ: مَنْ دَعَا إِلَى الْجَمَلِ الْأَحْمَرِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا وَجَدْتَ إِنَّمَا بُنيت الْمَسَاجِدُ لِمَا بُنيت له)
الراوي : بُرَيْدَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1650 | خلاصة حكم المحدث: صحيح
قَالَ أَبُو حَاتِمٍ: أَضْمَرَ فِيهِ: لَا وَجَدْتَ إِنْ عُدت لِهَذَا الْفِعْلِ بَعْدَ نَهْيِي إِيَّاكَ عنه

বাংলা

১৬৫০. বুরাইদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায় করেন, তখন এক ব্যক্তি বলেন, “(আমার হারানো লাল উটের সন্ধান পেয়ে) কে লাল উটের জন্য ডাকলো?” এটা শুনে রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি তোমার হারানো জিনিস না পাও। নিশ্চয়ই মাসজিদ যে অর্থে তৈরি করা হয়েছে, সেজন্য তৈরি করা হয়েছে (এসবের জন্য মাসজিদ তৈরি করা হয়নি)।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্যে কিছু শব্দ উহ্য রয়েছে। তা হলো: “তুমি তোমার হারানো জিনিস না পাও, যদি তোমাকে নিষেধ করার পর এমন কাজ আবার কর।”

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩০১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭২১; সহীহ মুসলিম: ৫৬৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪১৯; আবূ আওয়ানা: ১/৪০৭; ইবনু মাজাহ: ৭৬৫; আত তায়ালিসী: ৮০৪; সুনান বাইহাকী: ৬/১৯৬; নাসাই, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন